প্রশ্নঃ ২৫৪. শহীদ মিনার নিয়ে কিছু প্রশ্ন ছিলো - (১) শহীদ মিনারে জুতা নিয়ে ওঠা যাবে কিনা এবং জুতা পরে উঠলে গুনাহ হবে কিনা ? (২) ইসলামে শহীদ মিনারের কোনো ভিত্তি আছে কিনা ? (৩) শহীদ মিনারে ফুল দেওয়া জায়েজ আছে কিনা?

শহীদ মিনার তৈরীর পিছনে শহীদদের স্মৃতি রক্ষার মূল থিম থাকলেও উদ্দেশ্যপ্রণোদিতভাবে হিন্দুয়ানি প্রথাকে জিয়ে রাখা হয়েছে। শহীদ মিনারের বেটিতে খালি পায়ে ওঠা , শহীদ মিনারে ফুল দেওয়া ইত্যাদি বিষয়গুলো পূজা মন্ডপের সাথে সাদৃশ্য রাখে। তাই এগুলো বিধর্মীদের সাথে সাদৃশ্য হওয়ার কারণে পরিত্যাজ্য। শহীদ মিনারে ফুল দেওয়া , খালি পায়ে ওঠা , পর্দার বিধান লংঘন করে সমাবেশ করা জায়েজ হবে না।

শহীদ মিনারের বেদীতে জুতা পরে উঠতে শরঈ কোন বিধি-নিষেধ নাই।

বরং যারা দেশের জন্য জীবন দিয়েছে তাদের জন্য ঈসালে সওয়াব করে দোয়া করা উচিত।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন , যে কেউ কোনো কওমের সাদৃশ্য গ্রহণ করে , সে তাদের অন্তর্ভুক্ত হয়।

(সুনানে আবু দাউদ , হাদীস : ৪০৩৩)

والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: